

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৪৮১

পর্ব-২৭: ফিতনাহ (كتاب الْفَتَن)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - কিয়ামতের পূর্বলক্ষণসমূহ এবং দাজ্জালের বর্ণনা

الفصل الاول (بَابُ الْعَلَامَاتِ بَيْنَ يَدَي السَّاعَةِ وَذِكْرِ الدَّجَّالِ)

আরবী

وَعَنْ أَبِي بَكْرَةَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «لَا يَدْخُلُ الْمَدِينَةَ رُعْبُ الْمَسِيحِ الدَّجَّالِ لَهَا يَوْمَئِذٍ سَبْعَةُ أَبْوَابٍ عَلَى كُلِّ بَابٍ مَلَكَانِ» رَوَاهُ البُخَارِيِّ

رواه البخارى (1879) ـ (مركوب)

বাংলা

৫৪৮১-[১৮] আবূ বকরাহ্ (রাঃ) নবী (সা.) হতে বর্ণনা করেন। তিনি (সা.) বলেছেন: দাজ্জালের কোন ধরনের ভয়ভীতি মদীনার অভ্যন্তরে প্রবেশ করবে না। (সে সময়) মদীনার সাতটি প্রবেশদার থাকবে এবং প্রত্যেক দ্বারে দু' দু'জন মালাক (ফেরেশতা) (পাহারা দেয়ার জন্য) নিয়োজিত থাকবেন। (বুখারী)

ফুটনোট

সহীহ: বুখারী ১৮৭৯, মুসনাদে আহমাদ ২০৪৫৯, সহীহুল জামি ৭৬৭৮, মুসান্নাফ ইবনু আবী শায়বাহ ৩২৪২৫, সহীহ ইবনু হিব্বান ৩৭৩১, আল মুসতাদরাক লিল হাকিম ৮৬২৭।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (لَا يَدْخُلُ الْمَدِينَةَ رُعْبُ الْمَسِيحِ الدَّجَّالِ) মদীনায় দাজ্জালের ভীতি প্রবেশ করতে পারবে না। কেননা মদীনার চতুর্দিকে সাতটি দুর্গ থাকবে। প্রতিটি ফটকের দুর্গের দরজায় দু'জন করে মালাক থাকবে এবং সেখান দিয়ে দাজ্জালের প্রবেশকে প্রতিহত করবে। আবূ নু'আয়ম ফিতান অধ্যায়ে নবী (সা.) এ থেকে বর্ণনা করেন, দাজ্জাল মদীনার পাশ দিয়ে অতিক্রম করার সময় বিশাল এক সৃষ্টিকে দেখে তাকে জিজ্ঞেস করবে, তুমি কে?



তিনি বলবেন, আমি জিবরীল, আল্লাহ তা'আলা আমাকে পাঠিয়েছেন তার রসূলের মদীনার সম্মানকে রক্ষা করার জন্য। (মিরক্বাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবূ বাকরা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন